**আদেশের তারিখঃ ১২.০৫.২০২০**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিজ্ঞপ্তি নং ২০৯ তাং ০৫ মে ২০২০ দ্বারা দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিট-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে আগামী ১৬ মে ২০২০ পর্যন্ত সকল আদালতে ছুটি ঘোষনা করেছেন এবং অপর বিজ্ঞপ্তি নং ২১২-এ তাং ১০ মে ২০২০ বলে উক্ত ছুটিকালীন সময়ে ও হাইকোর্টের অবকাশকালী সময়ে হাইকোর্ট বিভাগের রিট ও সিভিল অধিক্ষেত্রের অতীব জরুরী বিষয়সমূহ শুনানীর নিমিত্তে অত্র বেঞ্চকে সকল বিচারিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব প্রদান করেছেন। এ প্রেক্ষিতে অত্র আদালত নিম্নে উল্লেখিত স্ব-প্রণোদিত (Suo moto) আদেশ প্রদান করছে ঃ

০১। ১২ মে ২০২০ খ্রিঃ তারিখ হতে অত্রাদালত কর্তৃক প্রদত্ত সকল আদেশ সাদা কাগজে টাইপ করে অত্র আদালতের বেঞ্চ অফিসার / সহকারী বেঞ্চ অফিসার প্রমানিকৃত (Authenticated) করবেন এবং এরূপ প্রমানিকৃত আদেশের কপি সুপ্রীম কোর্ট রেজিস্ট্রীর একজন দায়িত্বপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তা পৃষ্ঠাঙ্কিত (Endorse) করবেন ।

০২। **উল্লেখিত রূপে প্রমানিকৃত (Authenticated) ও পৃষ্ঠাঙ্কিত (Endorsed) আদালতের আদেশের কোন অনুলিপি (Copy), (উক্ত আদেশটির সই মুহুরি নকল (Certified copy) না পাওয়া পর্যন্ত) দেশের সকল আদালত/ট্রাইব্যুনাল/সরকারী/আধাসরকারী অফিসসমূহ/ অধিদপ্তরসমূহ / পরিদপ্তরসমূহ এবং বিধিবদ্ধ সংস্থা সমূহের নিকট সই মুহুরি নকল হিসাবে গণ্য হইবে।**

০৩। করোনা ভাইরাস জনিত বর্তমান অবস্থার অবসান হলে এবং সুপ্রীম কোর্টের উভয় বিভাগ স্বাভাবিক কার্যক্রমে ফিরে আসার সাথে সাথে বিচারিক পক্ষগণকে (বাদী/বিবাদী পক্ষ) উপরে উল্লেখিত পদ্ধতিতে গ্রহণকৃত আদেশের প্রকৃত সই মহুরি নকল সংগ্রহ করতে হবে। **অত্র আদালতের স্বাভাবিক কার্যক্রম শুরু হওয়ার ১৫(পনের) দিন পর পূর্বে উল্লেখিত বিশেষ ব্যবস্থায় প্রদত্ত সংশ্লিষ্ট আদেশের প্রমানিকৃত (Authenticated) ও পৃষ্ঠাঙ্কিত (Endorsed) কপিটিকে আর সই মুহুরি নকল হিসেবে গণ্য করা হইবে না।**

উক্ত আদেশটি অনতিবিলম্বে প্রচারের জন্য সুপ্রীম কোর্ট এর ওয়েবসাইট (www.supremecourt.gov.bd) ও কেবিনেট সচিব/প্রধানমন্ত্রীর মূখ্য সচিব/সংস্থাপন সচিব/ সচিব, আইন ও বিচার মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ঠ সকলের নিকট প্রেরণের জন্য রেজিষ্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।

(বিচারপতি ওবায়দুল হাসান)